আলোকিত বাংলাদেশ
The Daily Alokito Bangladesh
Date:02-04-2017 Page 03, Col 2-3 Size: 14 Col*Inc

## রংপুরে প্রাক-বাজেট আলোচনায় সুলতানা কামাল

# সামাজিক সুরক্ষা খাতে বরাদ্দ বাড়াতে হবে

রংপুর সংবাদদাতা

মানবাধিকার কর্মী সুলতানা কামাল বলেছেন, শিক্ষার দিক থেকে রংপুর এগিয়ে থাকলেও অন্যান্য দিকে এখনও পিছিয়ে। এ অঞ্চলের জন্য বাস্তবতার নিরিখে অগ্রাধিকার ক্ষেত্র নির্ধারণ করে আলাদা বাজেট প্রণয়ন করতে হবে। সেইসঙ্গে দুর্নীতি মনিটরে সুশাসন প্রয়োজন রয়েছে। সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) ও এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্মের যৌথ উদ্যোগে আয়োজিত সামাজিক সুরক্ষার জন্য জাতীয় বাজেট প্রস্তাব আলোচনায় তিনি এসব কথা বলেন। শনিবার দুপুরে রংপুর আরডিআরএস রোকেয়া মিলনায়তনে অনুষ্ঠিত প্রাক-বাজেট আলোচনায় রংপুর বিভাগের আট জেলার সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

সুলতানা কামাল আরও বলেন, সামাজিক সুরক্ষার জন্য যেখানে বাজেটে দরকার ৩ শতাংশ, সেখানে রাখা হচ্ছে মাত্র ২ শতাংশ। সামাজিক সুরক্ষার জন্য বেশি বরাদ্দ রাখা প্রয়োজন। টেকসই উন্নয়নে দুর্নীতিমুক্ত ব্যবস্থাপনাও জরুরি। তিনি বলেন, এখানকার মানুষ কঠোর পরিশ্রম করে, কিন্তু তারা সেই শ্রমের ন্যায্য মজুরি পান না। এটা পরিবর্তন দরকার। তিনি বলেন, হিসাব না করেই ঢাকা থেকে ঢালাওভাবে বাজেট প্রণয়ন করা হয়। এতে অনগ্রসর অঞ্চল অগ্রসর হতে পারছে না। এছাড়া যে বাজেট দেয়া হয়, তাতে দলীয়করণ, আত্মীয়করণ হয়ে থাকে। তিনি বলেন, ১৯৭১ সালে আমরা মুক্তিযুদ্ধ করে দেশ স্বাধীন করেছি, আমরা পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত হয়েছি। কিন্তু দারিদ্র্য থেকে এখনও মুক্ত হতে পারিনি। তিনি আরও বলেন, দুর্নীতিমুক্ত ব্যবস্থাপনা জরুরি, ব্যবস্থাপনায় থাকতে হবে স্বচ্ছতাও।

প্রধান অতিথির বক্তব্যে রংপুর সিটি মেয়র সরফুদ্দিন আহমেদ ঝন্টু বলেন, রংপুরে কোনো শিল্পকারখানা গড়ে ওঠেনি। এ কারণে অন্য অঞ্চলের তুলনায় অনেক পিছিয়ে রংপুর। আর শিল্পকারখানা গড়ে না ওঠার কারণ এখানে গ্যাস নেই। তিনি বলেন, সম্প্রতি গ্যাস লাইনের জন্য একটি সংস্থা রংপুরে সার্ভে করে গেছে। শিগগিরই রংপুরে গ্যাস আসবে। এ নিয়ে সরকারের সঙ্গে আমার ফলপ্রসূ আলোচনা হয়েছে। তিনি বলেন, ২০৩ বর্গকিলোমিটার এলাকা নিয়ে রংপুর সিটি করপোরেশন। এখানে প্রতি বছর সরকার বাজেট প্রদান করে ৮ কোটি টাকা। এত কম টাকা দিয়ে নতুন এ সিটি করপোরেশনের উন্নয়ন সম্ভব হয় না। মেয়র বলেন, জনপ্রতিনিধি এবং সরকারের কাজের মধ্যে সমন্বয়হীনতা রয়েছে। সমন্বিতভাবে কাজ করলে উন্নয়ন দ্রুত ত্বরান্বিত করা সম্ভব। সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে সামাজিক সুরক্ষার জন্য জাতীয় বাজেট প্রস্তাব আলোচনায় বক্তব্য দেন রংপুরের ভারপ্রাপ্ত জেলা প্রশাসক সুলতানা পারভীন, আরডিআরএসের নির্বাহী পরিচালক ড. সেলিমা রহমান, সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন প্রমুখ।

এছাড়া উন্মুক্ত আলোচনায় অংশ নেন কারমাইকেল কলেজের সাবেক অধ্যক্ষ ড. রেজাউল হক, প্রতিবন্ধী সংগঠনের নেতা আকবর হোসেন, বেতারের সাবেক আঞ্চলিক পরিচালক মনোয়ারা বেগম, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান আপেল মাহমুদ, শিক্ষক ওমর ফারুখ, চেম্বার প্রেসিডেন্ট আবুল কাশেম, কুড়িগ্রামের সাইদা ইয়াসমিন, বাসদের মমিনুল ইসলাম, অধ্যক্ষ ফখরুল আনাম বেঞ্জু, আরডিআরএসএস মঞ্জুশী সাহা, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. মোরশেদ হোসেন, জাসদের রফিকুল ইসলাম মুকুল প্রমুখ।

আমাদের সময়
Date:02-04-2017 Page 11,Col 6-6 Size: 07 Col*Inc

# সামাজিক সুরক্ষার জন্য বাজেটে বেশি বরাদ্দ প্রয়োজন

## — সুলতানা কামাল

রংপুর প্রতিনিধি ●
সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও এসডিজি প্ল্যাটফর্ম কোর গ্রুপের সদস্য সুলতানা কামাল বলেছেন, সামাজিক সুরক্ষার জন্য এখানে বাজেটে দরকার ৩ শতাংশ। কিন্তু সেখানে রাখা হচ্ছে মাত্র ২ শতাংশ। সামাজিক সুরক্ষার জন্য বেশি বরাদ্দ রাখা প্রয়োজন। টেকসই উন্নয়নে দুর্নীতিমুক্ত ব্যবস্থাপনাও জরুরি। সেন্টার ফর পলিসি (সিপিডি) ও এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম কোর গ্রুপের যৌথ উদ্যোগে সামাজিক সুরক্ষার জন্য জাতীয় বাজেট প্রস্তাব আলোচনায় তিনি এ কথা বলেন। গতকাল শনিবার রংপুর আরডিআরএস রোকেয়া মিলনায়তনে এ আলোচনাসভা অনুষ্ঠিত হয়।

আলোচনায় রংপুর বিভাগের ৮ জেলার জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষক, বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধি, রাজনৈতিক নেতা, সাংবাদিক এবং সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন রংপুর সিটি মেয়র সরফুদ্দিন আহমেদ ঝন্টু। সেন্টার ফর পলিসি (সিপিডি) ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে সামাজিক সুরক্ষার জন্য জাতীয় বাজেট প্রস্তাব আলোচনায় বক্তব্য রাখেন রংপুরের ভারপ্রাপ্ত জেলা প্রশাসক সুলতানা পারভীন, আরডিআরএসএর নির্বাহী পরিচালক ড. সেলিমা রহমান, সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন প্রমুখ। এ ছাড়া উন্মুক্ত আলোচনায় অংশ নেন কারমাইকেল কলেজের সাবেক অধ্যাপক ড. রেজাউল হক, প্রতিবন্ধী সংগঠনের নেতা আকবর হোসেন, বেতারের সাবেক আঞ্চলিক পরিচালক মনোয়ারা বেগম, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় হিসাব বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান আপেল মাহমুদ, শিক্ষক ওমর ফারুক, চেম্বার প্রেসিডেন্ট আবুল কাশেম প্রমুখ।

www.dailyasianage.com
THE ASIAN AGE
CITY EDITION
Date:02-04-2017 Page: 11, Col 2-5 Size: 20 Col*Inc


# CPD for decentralized budgets to achieve SDGs

**UNB**, *Rangpur*

The attainment of the globally adopted Sustainable Development Goals (SDGs) will critically hinge on the effective decentralization of the national budget allocations, speakers told a pre-budget discussion here on Saturday.

In this regard, they said, district budgets can ensure the inclusion of the marginalized segments of the population in national development activities.

They observed that Rangpur will require special budget allocations in social protection sector to improve its situation in various socio-economic indicators.




The Centre for Policy Dialogue (CPD), RDRS Bangladesh and the Citizen's Platform for SDGs, Bangladesh jointly arranged the dialogue titled 'Recommendations on Social Protection in the National Budget' at the Begum Rokeya Auditorium of the RDRS Bangladesh, in Rangpur.

Development of agro-industries and provision of vocational training will create employment opportunities that can ultimately improve the poverty situation and standard of lives for the people of this region, the speakers said.

But this will require a committed and combined efforts from the parts of both the government and citizens, they observed.

The keynote presentation at the dialogue was made by CPD's Executive Director Dr Fahmida Khatun made a keynote presentation at the dialogue, said a press release.

It showed that budget allocations in areas such as social protection are lesser for Rangpur, though the division is already lagging behind in many of the socio-economic indicators compared to other divisions of the country.

Increased allocation for social safety net was emphasized as the key recommendation of the study. The findings were corroborated by Rangpur City Corporation Mayor Sarfuddin Ahmed Jhantu, who attended the dialogue as the chief guest.

daily observer
Second Edition
We stand for people's rights
www.observerbd.com
Date:02-04-2017 Page 04, Col 2-3 Size: 10 Col*Inc

# Decentralised budgets for SDGs implementation: Dialogue

**Our Correspondent**

RANGPUR, Apr 1: The attainment of the globally adopted Sustainable Development Goals (SDGs) will critically hinge on the effective decentalisation of the national budget allocations, speakers told a pre-budget discussion here on Saturday.

In this regard, they said, district budgets can ensure the inclusion of the marginalised segments of the population in national development activities.

They observed that Rangpur will require special budget allocations in social protection sector to improve its situation in various socio-economic indicators.

The Centre for Policy Dialogue (CPD), RDRS Bangladesh and the Citizen's Platform for SDGs, Bangladesh jointly arranged the dialogue titled 'Recommendations on Social Protection in the National Budget' at the Begum Rokeya Auditorium of the RDRS Bangladesh, in Rangpur.

Development of agro-industries and provision of vocational training will create employment opportunities that can ultimately improve the poverty situation and standard of lives for the people of this region, the speakers said.

But this will require a committed and combined efforts from the parts of both the government and citizens, they observed.

The keynote presentation at the dialogue was made by CPD's Executive Director Dr Fahmida Khatun made a keynote presentation at the dialogue, said a press release.

The Daily Star
Date:02-04-2017 Page 15, Col 1-4 Size: 13 col*inc

# Decentralised budgets critical for SDGs implementation: analysts

**OUR CORRESPONDENT**, *Rangpur*

Achievement of sustainable development goals (SDGs) will depend significantly on the effective decentralisation of the national budget allocations, analysts said yesterday.

District budgets can ensure the inclusion of the marginalised segments of the population in the national development activities, they said at a pre-budget discussion in Rangpur.

The discussion on the "Recommendations on social protection in the national budget" was organised jointly by the Centre for Policy Dialogue (CPD), RDRS Bangladesh and the Citizen's Platform for SDGs, Bangladesh.

Rangpur City Corporation Mayor Sarfuddin Ahmed Jhantu attended the dialogue as the chief guest. Mustafizur Rahman, distinguished fellow of CPD, chaired the programme.

CPD's Executive Director Fahmida Khatun presented a keynote paper.

The paper showed budget allocations in areas such as social protection is lesser for Rangpur, although the division lags behind in many of the socio-economic indicators compared to other divisions of the country.

Jhantu urged the government to increase allocation for the people of Rangpur in social safety nets and development projects.

READ MORE ON B3

## Decentralised budgets critical for SDGs implementation: analysts

FROM PAGE B1

Sultana Kamal, a core group member of the Citizen's Platform for SDGs, Bangladesh and eminent human rights activist, hoped that the government will play more a proactive role in keeping its commitment to the people on ensuring their social rights.

Sultana Parvin, deputy commissioner (in-charge) of Rangpur, attended the event as special guest and Selima Rahman, executive director of RDRS Bangladesh, delivered the welcome remarks. Anisatul Fatema Yousuf, a director of CPD and the coordinator of the Citizen's Platform, was also present.

daily sun
TRUE & IMPARTIAL
Date:02-04-2017 Page 02, Col 2-4 Size 12 Col*Inc

# 'Decentralised budgets needed for SDGs implementation'

**Rangpur**: The attainment of the globally adopted Sustainable Development Goals (SDGs) will critically hinge on the effective decentalisation of the national budget allocations, speakers told a pre-budget discussion here on Saturday, reports UNB.

In this regard, they said, district budgets can ensure the inclusion of the marginalised segments of the population in national development activities.

They observed that Rangpur will require special budget allocations in social protection sector to improve its situation in various socio-economic indicators.

The Centre for Policy Dialogue (CPD), RDRS Bangladesh and the Citizen's Platform for SDGs, Bangladesh jointly arranged the dialogue titled 'Recommendations on Social Protection in the National Budget' at the Begum Rokeya Auditorium of the RDRS Bangladesh, in Rangpur.

Development of agro-industries and provision of vocational training will create employment opportunities that can ultimately improve the poverty situation and standard of lives for the people of this region, the speakers said.

But this will require a committed and combined efforts from the parts of both the government and citizens, they observed. The keynote presentation at the dialogue was made by CPD's Executive Director Dr Fahmida Khatun made a keynote presentation at the dialogue, said a press release.

It showed that budget allocations in areas such as social protection are lesser for Rangpur, though the division is already lagging behind in many of the socio-economic indicators compared to other divisions of the country.

Increased allocation for social safety net was emphasised as the key recommendation of the study.

The findings were corroborated by Rangpur City Corporation Mayor Sarfuddin Ahmed Jhantu, who attended the dialogue as the chief guest.

He drew attention of the government to the inadequate budget allocation for the region, and urged for increasing allocations for the people of Rangpur in both social safety net and development budgets.

দৈনিক
ডেসটিনি
পথ অনেক, আমরা সত্যের পথে
Date:02-04-2013 Page 12, Col 5-5 Size: 12 Col*Inc

# টেকসই উন্নয়নে দুর্নীতিমুক্ত ব্যবস্থাপণা জরুরি

—— সুলতানা কামাল

রংপুর ব্যুরো

মানবাধিকারকর্মী ও এসডিজি প্ল্যাটফর্ম কোর গ্রুপের সদস্য সুলতানা কামাল বলেছেন, সামাজিক সুরক্ষার জন্য এখানে বাজেটে দরকার ৩ শতাংশ। কিন্তু সেখানে রাখা হচ্ছে মাত্র ২ শতাংশ। সামাজির সুরক্ষার জন্য বেশি বরাদ্দ রাখা প্রয়োজন। টেকসই উন্নয়নে দুর্নীতিমুক্ত ব্যবস্থাপণাও জরুরি বলে মনে তিনি বলেন, এখানকার মানুষ কঠোর পরিশ্রম করে কিন্তু তারা সেই শ্রমের ন্যায্য মজুরি পায় না। এটা পরিবর্তন দরকার। তিনি বলেন, হিসাব না করেই ঢাকা থেকে ঢালাওভাবে বাজেট বরাদ্দ করা হয়। এতে করে অনগ্রসর অঞ্চল অগ্রসর হতে পারছে না। এছাড়া যে বাজেট দেওয়া হয় তাতে দলীয়করণ আত্মীয়করণ হয়ে থাকে। সেন্টার ফর পলিসি (সিপিডি) ও এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম যৌথ উদ্যোগে সামাজিক সুরক্ষার জন্য জাতীয় বাজের প্রস্তাব আলোচনায়

এরপর পৃষ্ঠা ১১ কলাম ২

## টেকসই উন্নয়নে দুর্নীতিমুক্ত

শেষ পৃষ্ঠার পর

তিনি এসব কথা বলেন। গতকাল শনিবার রংপুর আরডিআরএস রোকেয়া মিলনায়তনে অনুষ্ঠিত এ বাজেট আলোচনায় রংপুর বিভাগের ৮ জেলার জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষক, বেসরকারি উন্নয় সংস্থার প্রতিনিধি, রাজনৈতিকনেতৃবৃন্দ, সাংবাদিক এবং সুশিল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

সুলতানা কামাল আরো বলেন ১৯৭১ সালে আমরা মুক্তিযুদ্ধ করে দেশ স্বাধীন করেছি, আমরা পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত হয়েছি। কিন্তু দারিদ্র্য থেকে এখনো মুক্ত হতে পারিনি। তিনি বলেন, দুর্নীতিমুক্ত ব্যবস্থাপনা জরুরি, ব্যবস্থাপনায় থাকতে হবে স্বচ্ছতা। সুলতানা কামাল আরো বলেন, সমন্বিতভাবে কাজ না করলে উন্নয়ন বাধাগ্রস্ত হয় শিক্ষার দিক থেকে রংপুর এগিয়ে থাকলেও অন্যান্য দিক থেকে এখনো পিছিয়ে। এ অঞ্চলের জন্য বাস্তবতার নিরিখে অগ্রাধিকার ক্ষেত্র নির্ধারণ করে বাজেট প্রণয়ন করতে হবে। সেই সঙ্গে দুর্নীতি মনিটরে সুশাসন প্রয়োজন রয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন রংপুর সিটি মেয়র সরফুদ্দিন আহমেদ ঝন্টু। সেন্টার ফর পলিসি (সিপিডি) ফেলো অ্যাধাপক মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে সামাজিক সুরক্ষার জন্য জাতীয় বাজের প্রস্তাব আলোচনায় বক্তব্য রাখেন রংপুরের ভারপ্রাপ্ত জেলা প্রশাসক সুলতানা পারভীন, আরডিআরএসএর নির্বাহী পরিচালক ড. সেলিমা রহমান, সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন প্রমুখ।

এছাড়া উন্মুক্ত আলোচনায় অংশ নেন কারমাইকেল কলেজের সাবেক অধ্যাপক ড. রেজাউল হক, প্রতিবন্ধী সংগঠনেরনেতা আকবর হোসেন, বেতারের সাবেক আঞ্চলিক পরিচালক মনোয়ারা বেগম, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় হিসাব বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান আপেল মাহমুদ, শিক্ষক ওমর ফারুখ, চেম্বার প্রেসিডেন্ট আবুল কাশেম, কুড়িগ্রামের সাইদা ইয়াসমিন, বাসদের মমিনুল ইসলাম, অধ্যক্ষ ফখরুল আনাম বেঞ্জু, আরডিআরএসএস মঞ্জুশী সাহা, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. মোরশেদ হোসেন, জাসদের রফিকুর ইসলাম মুকুল, কুড়িগ্রামের মানিক চৌধুরি, সুবিধাভোগি তছলিমা বেগম প্রমুখ।

The
Financial Express
Date: 02-04-2017 Page 09, Col 5-8 Size: 10 Col*Inc




**Dr Fahmida Khatun, Executive Director of CPD, rights activist advocate Sultana Kamal, Sarfuddin Ahmed Jhantu, Mayor of Rangpur City Corporation, Professor Mustafizur Rahman, Distinguished Fellow of CPD and Dr Selima Rahman, Executive Director of RDRS Bangladesh, seen, among others, at a pre-budget dialogue held Saturday in Rangpur.** *Story on page 19*

The Financial Express
Date: 02-04-2017 Page 19, Col 1-4 Size: 20 Col*Inc

# Decentralised budget allocation 'critical' to achieving SDGs: CPD

**FE Desk**

Attaining Sustainable Development Goals (SDGs) will hinge on the effective decentralisation of the national budget allocations.

District budgets can ensure the inclusion of the marginalised segments of the population in the national development activities, according to a statement.

Rangpur will need special budget allocations in social protection sector to improve its situation in various socio-economic indicators.

Development of agro-industries and provision of vocational training would create employment opportunities that can ultimately improve the poverty situation and standard of living for the people in this region.

But this will require a committed and combined effort from the parts of both government and citizens.

The views came at a pre-budget dialogue titled "Recommendations on Social Protection in the National Budget," held on Saturday at RDRS Bangladesh, in Rangpur.

Private think-tank the Centre for Policy Dialogue (CPD), RDRS Bangladesh and the Citizen's Platform for SDGs, Bangladesh jointly organised the dialogue.

The keynote presentation at the dialogue was made by CPD's Executive Director Dr Fahmida Khatun. It showed that budget allocation in areas such as social protection is lesser for Rangpur, even though the division is already lagging behind in many of the socio-economic indicators compared to other divisions of the country.

Increased allocation for social safety net was emphasised as a key recommendation of the study.

The findings were corroborated by Rangpur City Corporation Mayor Sarfuddin Ahmed Jhantu, who attended the dialogue as the Chief Guest.

He drew attention to the government on the inadequate budget allocation for the region, calling for the increased allocation for the people of Rangpur in both social safety net and development budgets.

Core Group Member of the Citizen's Platform for SDGs, Bangladesh and eminent human rights activist Advocate Sultana Kamal, in her speech as the special commentator expressed her hope that the government would play a more pro-active role in keeping its commitment to the people on ensuring their social rights.

Sultana Parvin, Deputy Commissioner in-charge of Rangpur, attended the event as the Special Guest, while Dr Selima Rahman, Executive Director of the RDRS Bangladesh, presented welcome remarks.

The dialogue was chaired by Professor Mustafizur Rahman, Distinguished Fellow of the CPD, who is also a Core Group Member of the Citizen's Platform for SDGs, Bangladesh.

The dialogue was widely attended by academics, economists, social workers, business leaders, politicians and other professionals from the Rangpur Division.

Special allocation for the people affected by river erosions, increased stipends for students, increased employment opportunities, training facilities for the aspiring migrant labourers were some of the recommendations came up at the dialogue.

জাতিসংঘ সম্মত জবুবা মনে
কালের কণ্ঠ
Date:02-04-2017 Page: 04, Col: 1-1 Size:07 Col*Inc

সেমিনারে বক্তারা

# রংপুরের জন্য আলাদা বাজেট প্রণয়নের দাবি

রংপুর অফিস ▷

শিক্ষায় রংপুর এগিয়ে থাকলেও অন্যান্য দিক থেকে এখনো পিছিয়ে রয়েছে। এ অঞ্চলের জন্য বাস্তবতার নিরিখে অগ্রাধিকার ক্ষেত্র নির্ধারণ করে আলাদা বাজেট প্রণয়ন করতে হবে। সেই সঙ্গে দুর্নীতি মনিটরে সুশাসন প্রয়োজন রয়েছে। সেন্টার ফর পলিসি (সিপিডি) ও এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম যৌথ উদ্যোগে সামাজিক সুরক্ষার জন্য জাতীয় বাজেট প্রস্তাব আলোচনায় মানবাধিকারকর্মী সুলতানা কামাল এসব কথা বলেন।

গতকাল শনিবার রংপুর আরডিআরএস রোকেয়া মিলনায়তনে অনুষ্ঠিত এক বাজেট আলোচনায় রংপুর বিভাগের আট জেলার জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষক, বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধি, রাজনৈতিক নেতা এবং সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে রংপুর সিটি মেয়র শরফুদ্দিন আহমেদ ঝন্টু বলেন, রংপুরে কোনো শিল্প-কারখানা গড়ে ওঠেনি। এ কারণে অন্যান্য অঞ্চলের চেয়ে অনেক পিছিয়ে রয়েছে রংপুর। আর শিল্প-কারখানা গড়ে না ওঠার কারণ এখানে গ্যাস নেই।

শরফুদ্দিন আহমেদ ঝন্টু আরো বলেন, 'সম্প্রতি গ্যাসলাইনের জন্য একটি সংস্থা রংপুরে সার্ভে করে গেছে। শিগগিরই রংপুরে গ্যাস আসবে। এ নিয়ে সরকারের সঙ্গে আমার ফলপ্রসূ আলোচনা হয়েছে।' তিনি বলেন, ২০৩ বর্গকিলোমিটার এলাকা নিয়ে রংপুর সিটি করপোরেশন। এখানে প্রতিবছর সরকার বাজেট প্রদান করে আট কোটি টাকা। এত কম টাকা দিয়ে নতুন এই সিটি করপোরেশনের উন্নয়ন সম্ভব হয় না। সিপিডির ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে সামাজিক সুরক্ষার জন্য জাতীয় বাজেট প্রস্তাব আলোচনায় বক্তব্য দেন রংপুরের ভারপ্রাপ্ত জেলা প্রশাসক সুলতানা পারভীন।

দৈনিক করতোয়া
The Daily Karatoa
Date:02-04-2017 Page 06, Col 1-2 Size: 08 Col*Inc

### রংপুরে জাতীয় বাজেট প্রস্তাব আলোচনায় বক্তারা

# বিভাগভিত্তিক আর্থ-সামাজিক অবস্থায় রংপুর বিভাগ পিছিয়ে

**রংপুর জেলা প্রতিনিধি :** রংপুরে সামাজিক সুরক্ষার জন্য জাতীয় বাজেট প্রস্তাব আলোচনা সভা গতকাল শনিবার সকালে আরডিআরএস বাংলাদেশ রোকেয়া মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা বলেন, বিভাগভিত্তিক আর্থসামাজিক অবস্থায় রংপুর বিভাগ অনেক পিছিয়ে। পরিসংখ্যান ব্যুরোর জরিপ মতে, বিভাগভিত্তিক আর্থসামাজিক অবস্থায় চরম দারিদ্র্য রেখায় রংপুরের অবস্থান ৩০ দশমিক ১ শতাংশ। অর্থনৈতিক স্বচ্ছলতা, নারী শিক্ষা, রেমিটেন্সসহ সকল সুবিধায় রংপুর বিভাগ অনেক পিছিয়ে রয়েছে। সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি), আরডিআরএস বাংলাদেশ ও এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম যৌথ উদ্যোগে আয়োজিত জাতীয় বাজেট প্রস্তাব আলোচনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন রাখেন রংপুর সিটি করপোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা সরফুদ্দিন আহমেদ ঝন্টু। সিপিডির সম্মানীয় ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন এসডিজি প্লাটফর্মের কোর গ্রুপ সদস্য মানবাধিকার কর্মী এড. সুলতানা কামাল, আরডিআরএস বাংলাদেশের নির্বাহী পরিচালক ড. সেলিমা রহমান, সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন, সাবেক অধ্যক্ষ ড. রেজাউল হক, সুজন জেলা সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আকবর হোসেন, রংপুর চেম্বারের প্রেসিডেন্ট আবুল কাশেম, সাবেক হারাগাছ পৌর মেয়র মামুনুর রশিদ, বেরোবির শিক্ষক ওমর ফারুক, নারী নেত্রী মনোয়ারা বেগম, বাসদ মার্কসবাদী আহ্বায়ক আনোয়ার হোসেন বাবলু, অধ্যক্ষ ফকরুল আনাম বেঞ্জু প্রমুখ। বক্তারা রংপুর বিভাগের জন্য আলাদা বাজেট প্রণয়নের দাবি জানান। সেইসাথে সকল সুবিধা আলাদাভাবে আগামী অর্থবছরের বাজেটে রংপুর বিভাগের জন্য দিয়ে একটি পরিকল্পনা নিয়ে অনগ্রসর বিভাগকে এগিয়ে আনার জোর দাবি তুলেন। পরে মুক্ত আলোচনায় বিভিন্ন সুপারিশ তুলে ধরা হয়।

মানবকণ্ঠ
Date:02-04-2017 Page 07, Col 4-4 Size: 6.5 Col*Inc

# রংপুরের জন্য আলাদা বাজেট দাবি

রংপুর প্রতিনিধি

আর্থ-সামাজিক সূচকে উন্নতি করতে হলে সামাজিক সুরক্ষা খাতে রংপুরের জন্য আলাদা বাজেট বরাদ্দ প্রয়োজন। কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে রংপুর অঞ্চলের মানুষের জীবনমান উন্নয়নে কৃষিনির্ভর শিল্পের বিস্তার ও কর্মমুখী প্রশিক্ষণের বিকল্প নেই। এ ক্ষেত্রে সরকার ও নাগরিক সমাজকে একসঙ্গে কাজ করতে হবে। গতকাল শনিবার সকালে সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি), আরডিআরএস বাংলাদেশ ও এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম, বাংলাদেশের যৌথ আয়োজনে একটি বেসরকারি মিলনায়তনে 'সামাজিক সুরক্ষার জন্য জাতীয় বাজেট' শীর্ষক প্রাক-বাজেট আঞ্চলিক সংলাপে বক্তারা এসব কথা বলেন। সিপিডির ফেলো ড. মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে সংলাপে প্রধান অতিথি ছিলেন রংপুর সিটি কর্পোরেশনের মেয়র সরফুদ্দিন আহমেদ ঝন্টু, বিশেষ অতিথি ছিলেন মানবাধিকার কর্মী অ্যাডভোকেট সুলতানা কামাল, রংপুরের জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত) মোছা. সুলতানা পারভীন, সিপিডি পরিচালক আনিসাতুল ফাতেমা ইউসুফ, সংলাপে মূল প্রতিবেদন উপস্থাপন করেন সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন।

সংলাপে শিক্ষাবিদ, অর্থনীতিবিদ, গবেষক, সমাজকর্মী, ব্যবসায়ী, রাজনীতিবিদ, আইনজীবীসহ রংপুর বিভাগের বিভিন্ন স্তরের পেশাজীবী অংশগ্রহণ করেন। নদীভাঙন কবলিত মানুষের জন্য বিশেষ বরাদ্দ, শিক্ষা প্রণোদনা বৃদ্ধি, উপযুক্ত কর্মসংস্থান সৃষ্টি, অভিবাসীকর্মী প্রেরণের ক্ষেত্রে প্রশিক্ষণের ব্যবস্থাসহ এই অঞ্চলের মানুষের আর্থসামাজিক উন্নয়নের জন্য করণীয়সমূহ নিয়ে অংশগ্রহণকারীরা মূল্যবান মতামত তুলে ধরেন।

The New Nation
Date: 02-04-2017 Page 12, Col 6-7 Size: 20 Col*Inc

# Decentralised budget for implementation of SDGs stressed

**UNB**, *Rangpur*

The attainment of the globally adopted Sustainable Development Goals (SDGs) will critically hinge on the effective decentalisation of the national budget allocations, speakers told a pre-budget discussion here on Saturday.

In this regard, they said, district budgets can ensure the inclusion of the marginalised segments of the population in national development activities.

They observed that Rangpur will require special budget allocations in social protection sector to improve its situation in various socio-economic indicators. The Centre for Policy Dialogue (CPD), RDRS Bangladesh and the Citizen's Platform for SDGs, Bangladesh jointly arranged the dialogue titled 'Recommendations on Social Protection in the National Budget' at the Begum Rokeya Auditorium of the RDRS Bangladesh, in Rangpur.

Development of agro-industries and provision of vocational training will create employment opportunities that can ultimately improve the poverty situation and standard of lives for the people of this region, the speakers said. But this will require a committed and combined efforts from the parts of both the government and citizens, they observed. The keynote presentation at the dialogue was made by CPD's Contd on page-11- Col-7

# Decentralised

**Cont from page 12**

Executive Director Dr Fahmida Khatun made a keynote presentation at the dialogue, said a press release.

It showed that budget allocations in areas such as social protection are lesser for Rangpur, though the division is already lagging behind in many of the socio-economic indicators compared to other divisions of the country.

Increased allocation for social safety net was emphasised as the key recommendation of the study.

The findings were corroborated by Rangpur City Corporation Mayor Sarfuddin Ahmed Jhantu, who attended the dialogue as the chief guest.

He drew attention of the government to the inadequate budget allocation for the region, and urged for increasing allocations for the people of Rangpur in both social safety net and development budgets.

Core Group Member of the Citizen's Platform for SDGs, Bangladesh and eminent human rights activist Advocate Sultana Kamal expressed her hopes that the government will play a more proactive role in keeping its commitment to people on ensuring their social rights.

Deputy Commissioner (in-charge) of Rangpur Sultana Parvin attended the event as the Special Guest, while RDRS Bangladesh Executive Director Dr Selima Rahman delivered the welcome remarks.

The dialogue was chaired by Prof Mustafizur Rahman, Distinguished Fellow, CPD, who is also a Core Group Member of the Citizen's Platform for SDGs, Bangladesh.

Anisatul Fatema Yousuf, Director, CPD and the Coordinator of the Citizen's Platform was present at the dialogue. The dialogue was widely attended by academics, economists, social workers, business leaders, politicians and other professionals from the Rangpur Division.

Special allocations for the people affected by river erosions, increased stipends for students, increased employment opportunities, training facilities for the aspiring migrant labourers were some of their recommendations to improve the socio-economic life of this region.

THE DAILY
PEOPLE'S TIME
we believe in people's reality
Date:02-04-2017 Page: 08, Col 5-7 Size: 19 Col*Inc

# Decentralised budgets needed for SDGs implementation: Dialogue

**Staff Correspondent**

The attainment of the globally adopted Sustainable Development Goals (SDGs) will critically hinge on the effective decentalisation of the national budget allocations, speakers told a pre-budget discussion here on Saturday.

In this regard, they said, district budgets can ensure the inclusion of the marginalised segments of the population in national development activities. They observed that Rangpur will require special budget allocations in social protection sector to improve its situation in various socio-economic indicators. The Centre for Policy Dialogue (CPD), RDRS Bangladesh and the Citizen's Platform for SDGs, Bangladesh jointly arranged the dialogue titled 'Recommendations on Social Protection in the National Budget' at the Begum Rokeya Auditorium of the RDRS Bangladesh, in Rangpur. Development of agro-industries and provision of vocational training will create employment opportunities that can ultimately improve the poverty situation and standard of lives for the people of this region, the speakers said.

But this will require a committed and combined ▶▶ CONTINUED TO PAGE 2

## Decentralised budgets needed for

▶▶ CONTINUED FROM PAGE 8

efforts from the parts of both the government and citizens, they observed.

The keynote presentation at the dialogue was made by CPD's Executive Director Dr Fahmida Khatun made a keynote presentation at the dialogue, said a press release.

It showed that budget allocations in areas such as social protection are lesser for Rangpur, though the division is already lagging behind in many of the socio-economic indicators compared to other divisions of the country.

Increased allocation for social safety net was emphasised as the key recommendation of the study. The findings were corroborated by Rangpur City Corporation Mayor Sarfuddin Ahmed Jhantu, who attended the dialogue as the chief guest.

He drew attention of the government to the inadequate budget allocation for the region, and urged for increasing allocations for the people of Rangpur in both social safety net and development budgets.

Core Group Member of the Citizen's Platform for SDGs, Bangladesh and eminent human rights activist Advocate Sultana Kamal expressed her hopes that the government will play a more proactive role in keeping its commitment to people on ensuring their social rights.

Deputy Commissioner (in-charge) of Rangpur Sultana Parvin attended the event as the Special Guest, while RDRS Bangladesh Executive Director Dr Selima Rahman delivered the welcome remarks.

The dialogue was chaired by Prof Mustafizur Rahman, Distinguished Fellow, CPD, who is also a Core Group Member of the Citizen's Platform for SDGs, Bangladesh.

Anisatul Fatema Yousuf, Director, CPD and the Coordinator of the Citizen's Platform was present at the dialogue.

The dialogue was widely attended by academics, economists, social workers, business leaders, politicians and other professionals from the Rangpur Division.

Special allocations for the people affected by river erosions, increased stipends for students, increased employment opportunities, training facilities for the aspiring migrant labourers were some of their recommendations to improve the socio-economic life of this region.

সমকাল
Date:02-04-2017 Page: 07, Col: 4-6 Size: 15 Col*Inc

# রংপুর অঞ্চলের জন্য আলাদা বরাদ্দ প্রয়োজন

■ রংপুর অফিস

মানবাধিকার কর্মী সুলতানা কামাল বলেছেন, শিক্ষার দিক থেকে রংপুর এগিয়ে থাকলেও অন্যান্য দিক থেকে এখনও পিছিয়ে। এ অঞ্চলের জন্য বাস্তবতার নিরিখে অগ্রাধিকার ক্ষেত্র নির্ধারণ করে আলাদা বাজেট প্রণয়ন করতে হবে। সেই সঙ্গে দুর্নীতি মনিটরে সুশাসন প্রয়োজন। সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) ও এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্মের যৌথ উদ্যোগে 'সামাজিক সুরক্ষার জন্য জাতীয় বাজেট প্রস্তাব' শীর্ষক প্রাক-বাজেট সংলাপে তিনি এ কথা বলেন। গতকাল শনিবার রংপুর আরডিআরএস রোকেয়া মিলনায়তনে এ আলোচনায় রংপুর বিভাগের ৮ জেলার জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষক, বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিক এবং সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

**প্রাক-বাজেট সংলাপ**

সুলতানা কামাল আরও বলেন, সামাজিক সুরক্ষার জন্য এখানে বাজেট দরকার ৩ শতাংশ। রাখা হচ্ছে মাত্র ২ শতাংশ। সামাজির সুরক্ষার জন্য বেশি বরাদ্দ রাখা প্রয়োজন। টেকসই উন্নয়নে দুর্নীতিমুক্ত ব্যবস্থাপনাও জরুরি বলে মনে করেন তিনি।

তিনি বলেন, এখানকার মানুষ কঠোর পরিশ্রম করে, কিন্তু তারা সেই শ্রমের ন্যায্য মজুরি পায় না। এর পরিবর্তন দরকার। তিনি বলেন, হিসাব না করেই ঢাকা থেকে ঢালাওভাবে বাজেট প্রণয়ন করা হয়। এতে অনগ্রসর অঞ্চলের উন্নতি হচ্ছে না। এ ছাড়া যে বাজেট দেওয়া হয় তাতে দলীয়করণ ও আত্মীয়করণ হয়ে থাকে।

প্রধান অতিথির বক্তব্যে রংপুর সিটি মেয়র সরফুদ্দিন আহমেদ ঝন্টু বলেন, রংপুরে কোনো শিল্প-কারখানা গড়ে ওঠেনি। এ কারণে অন্যান্য অঞ্চলের চেয়ে অনেক পিছিয়ে রয়েছে রংপুর। আর কল-কারখানা গড়ে না ওঠায় এখানে গ্যাস নেই। তিনি বলেন, সম্প্রতি গ্যাস লাইনের জন্য একটি সংস্থা রংপুরে সার্ভে করে গেছে। খুব দ্রুত রংপুরে গ্যাস আসবে। এ নিয়ে সরকারের সঙ্গে তার ফলপ্রসূ আলোচনা হয়েছে। তিনি বলেন, ২০৩ বর্গকিলোমিটার এলাকা নিয়ে রংপুর সিটি করপোরেশন। এখানে প্রতি বছর সরকার বাজেট প্রদান করে ৮ কোটি টাকা। এত কম টাকা দিয়ে নতুন এ সিটি করপোরেশনের উন্নয়ন সম্ভব হয় না।

সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন রংপুরের ভারপ্রাপ্ত জেলা প্রশাসক সুলতানা পারভীন, আরডিআরএস-এর নির্বাহী পরিচালক ড. সেলিমা রহমান, সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন প্রমুখ। এ ছাড়া উন্মুক্ত আলোচনায় অংশ নেন কারমাইকেল কলেজের সাবেক অধ্যাপক ড. রেজাউল হক, প্রতিবন্ধী সংগঠনের নেতা আকবর হোসেন, বেতারের সাবেক আঞ্চলিক পরিচালক মনোয়ারা বেগম, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান আপেল মাহমুদ, শিক্ষক ওমর ফারুখ, চেম্বার প্রেসিডেন্ট আবুল কাশেম, কুড়িগ্রামের সাইদা ইয়াসমিন, বাসদের মমিনুল ইসলাম, অধ্যক্ষ ফখরুল আনাম বেঞ্জু প্রমুখ।

আলোচনায় রংপুর বিভাগের ৮ জেলার জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষক, বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিক এবং সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

সংবাদ
Date:02-04-2017 Page 16 Col 1-4 Size: 30 Col*Inc

### রংপুরে সিপিডি আয়োজিত প্রাক বাজেট সংলাপে সুলতানা কামাল

# সরকার অনুৎপাদনশীল খাতকে বেশি গুরুত্ব দিচ্ছে

**লিয়াকত আলী বাদল, রংপুর**

মানবাধিকার কর্মী সুলতানা কামাল বলেছেন, বর্তমান সরকার আগামী ২০১৭-১৮ সালের বাজেটে কোন বিষয়টি অগ্রাধিকার দিচ্ছে সেটা দেশের জনগণের জানার অধিকার আছে। সরকার অনুৎপাদনশীল অপ্রাসঙ্গিক ক্ষেত্রে সরকার অনেক বেশি গুরুত্ব দিচ্ছে। কত টাকা দিয়ে অস্ত্র কেনা হচ্ছে প্রতিরক্ষা বাজেটে কত টাকা ব্যয় করছে সেটা পর্যালোচনা করতে হবে। অন্যদিকে শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক সুরক্ষা খাতে কত টাকা ব্যয় করা হবে এগুলোর মধ্যে কোন বিষয়গুলোকে জাতীয়ভাবে অগ্রাধিকার দেয়া জরুরি সেটা সরকারকেই নির্ধারণ করতে হবে। এ ক্ষেত্রে আমাদের দাবি থাকবে অবশ্যই দেশের মানুষ যাতে নিজের জীবনধারণের জন্য অন্যের কাছে হাত পাততে বাধ্য না হয় সেটা দেখা রাষ্ট্রের দায়িত্ব। তিনি গতকাল দুপুরে রংপুর নগরীর আরডিআরএস মিলনায়তনে সেন্টার ফর পলিসি ডায়লগ সিপিডি ও আরডিআরএস আয়োজিত সামাজিক সুরক্ষায় জাতীয় বাজেটের প্রাক বাজেট সংলাপ ২০১৭ বাজেট নিয়ে আলোচনায় এসব কথা বলেন।

সুলতানা কামাল বলেন, নীতিগতভাবে জনগণের কাছে সরকারকে অঙ্গীকারাবদ্ধ হতে হবে জনগণ যাতে তাদের মৌলিক অধিকার থেকে বঞ্চিত না হয় সেটা সরকারকে নিশ্চিত করতে হবে। একটা গণতান্ত্রিক রাষ্ট্রের নাগরিক হিসেবে আমাদের দায় দায়িত্ব নেয়া রাষ্ট্রের দায়িত্ব এখান থেকে কোনভাবে কাউকেই বঞ্চিত করা যাবে না। তিনি বলেন, আমাদের দেশে সামাজিক সুরক্ষার জন্য পৃথিবীর অন্যান্য দেশের তুলনায় বাজেটে বরাদ্দ অনেক কম। তিনি বলেন, রংপুর বিভাগের ৮ জেলার মানুষ এখনও সকল ক্ষেত্রে চরমভাবে অবহেলিত। এত কিছুর পরেও এখানে শিক্ষার হার অপেক্ষাকৃত অন্যান্য অঞ্চলের চেয়ে অনেক ভালো। এ অঞ্চলের মানুষ কঠোর পরিশ্রমী হলেও তারা তাদের ন্যায্য মজুরি পাচ্ছে না। সরকার সামাজিক সুরক্ষা খাতে যে পরিমাণ অর্থ বরাদ্দ দেয় তার বেশিরভাগ অর্থ চলে যায় রাজনৈতিক নেতাদের স্বজনদের কাছে। প্রকৃত দুঃস্থদের বেশিরভাগই সেই সুবিধা পায় না।

রংপুর সিটি মেয়র শরফ উদ্দিন আহাম্মেদ ঝন্টু বলেন, জনপ্রতিনিধি, সরকারি আমলা আর পুলিশ এদের মধ্যে সমন্বয়ের অভাব দূর করা না হলে কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব নয়। কারণ জনপ্রতিনিধি হিসেবে মানুষ আমাদের কাছে আসে সঙ্গে সঙ্গে কাজ করে দেবার কথা বলে, আমরা করার চেষ্টাও করি কিন্তু প্রশাসনের কাছে একটা চিঠি পাঠালে এক মাসেও উত্তর পাওয়া যায় না। তিনি বলেন, প্রতিবছর সিটি করপোরেশনের জন্য ৪ কিস্তিতে ৮ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়, এই টাকা দিয়ে ২শ কিলোমিটার এলাকার বিশাল সিটি করপোরেশনের উন্নয়ন করা কিভাবে সম্ভব। তবে বিশ্বব্যাংক জাইকাসহ বিভিন্ন সাহায্য সংস্থা টাকা দেয় তারা আবার প্রতিটি গ্রুপ ১০ কোটি টাকার ওপরে টেন্ডার করতে বলে। আমরা টাকার পরিমাণ কম করে টেন্ডার আহ্বানের অনুরোধ করলে তারা তা মানেন না। ফলে ১০ কোটি টাকার কাজ করার ঠিকাদার পাওয়া গেলেও কাজগুলো সরকার : পৃষ্ঠা : ২ ক : ২

## সরকার : অনুৎপাদনশীল

(১৬ পৃষ্ঠার পর)

ঠিকমতো ওঠানো সম্ভব হয় না।

মেয়র ঝন্টু বলেন, রংপুরে সহায় সম্বলহীন হতদরিদ্র মানুষগুলো আরও দরিদ্র হচ্ছে। এ জন্য দায়ী এনজিওগুলো। এরা মাইক্রোক্রেডিট লোন দেয় সুদ নেয় ৪২ শতাংশ হারে। টাকা না দিলে ঘরের টিন, গরু ছাগল, হাস-মুরগী নিয়ে আসে। এই রক্ত চোষাদের জন্য মানুষ আরও দরিদ্র হচ্ছে। এদের কালো থাবা থেকে গরিব মানুষদের রক্ষা করতে হলে এনজিওদের সুদের হার ৫ ভাগে নামিয়ে আনতে হবে বলে তিনি সরকারের কাছে দাবি জানান।

মেয়র দাবি করেন- রংপুরে অচিরেই গ্যাস আসবে। এ জন্য যমুনা সেতু থেকে পাইপ লাইন স্থাপন করে গ্যাস রংপুরে আনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে সরকার। তিনি বলেন, কয়েকদিন আগে তার কাছে কয়েকজন কর্মকর্তা ও বিশেষজ্ঞ এসেছিল, তারা রংপুরে গ্যাস আনার জন্য পাইপ লাইন স্থাপনসহ প্রয়োজনীয় বিষয়গুলো পর্যবেক্ষণ করে গেছে। তিনি আসন্ন বাজেটে রংপুর বিভাগের জন্য আলাদা বাজেট বরাদ্দ করার দাবি জানান।

এর আগে সামাজিক সুরক্ষার জন্য জাতীয় বাজেট রংপুর বিভাগের চিত্র শীর্ষক একটি গবেষণা প্রতিবেদন উপস্থাপন করেন সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন। গবেষণাপত্রে তিনি উল্লেখ করেন রংপুর বিভাগ উন্নয়নের সকল ক্ষেত্রে পিছিয়ে আছে। এখনও এ অঞ্চলে দারিদ্র্যের হার ৪৭ শতাংশ। আর্থসামাজিক ক্ষেত্রে বিশেষ করে মোবাইল ফোন, কম্পিউটার, ইমেইল ইত্যাদি সুবিধার ক্ষেত্রে অনেকটা পিছিয়ে পড়ে আছে। শিক্ষা ক্ষেত্রে এখনও রংপুরে স্বাক্ষরতার হার অনেক কম। সামাজিক নিরাপত্তা বলয়ের সুবিধা বন্টন ও দারিদ্র্যের হার ৩৩ দশমিক ৬৫। বিদেশে জনশক্তি রপ্তানিতে রংপুর বিভাগ সবচেয়ে পিছিয়ে সে ক্ষেত্রে আগামী বাজেটে রংপুর বিভাগের জন্য বিশেষ বরাদ্দের দাবি করা হয়েছে। সিপিডির সম্মানীত ফেলো ড. মোস্তাফিজার রহমানের সভাপতিত্বে বক্তব্য রাখেন রংপুরের জেলা প্রশাসক সুলতানা পারভীন আরডিআরএসের নির্বাহী পরিচালক ড. সেলিনা রহমান। সংলাপে রংপুর বিভাগের বিভিন্ন বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধি শিক্ষবিদ, রাজনীতিবিদসহ বিশিষ্ট ব্যক্তিরা রংপুর বিভাগের জন্য আগামী বাজেটে আলাদা বরাদ্দ রাখার দাবি জানান। সেই সঙ্গে রংপুরে স্বাধীনতার বিগত ৪০ বছরেও কোন অর্থমন্ত্রী না আসায় তীব্র সমালোচনা করে বলেন, অর্থমন্ত্রী যদি শুধু সিলেটে যান তাহলে উনি কোন এলাকার মন্ত্রী এটা দেশের মানুষ জানতে চায় বলে অভিযোগ করেন।

দেশের কল্যাণে প্রতিদিন
ভোরের পাতা
Date:02-04-2017 Page: 05, Col 4-5 Size:07 Col* Inc

# টেকসই উন্নয়নে দুর্নীতিমুক্ত ব্যবস্থাপনা জরুরি : সুলাতানা কামাল

■ রংপুর ব্যুরো

মানবাধিকার কর্মী ও এসডিজি প্ল্যাটফর্ম কোর গ্রুপ এর সদস্য সুলতানা কামাল বলেছেন, সামাজিক সুরক্ষার জন্য এখানে বাজেটে দরকার ৩ শতাংশ। কিন্তু সেখানে রাখা হচ্ছে মাত্র ২ শতাংশ। সামাজিক সুরক্ষার জন্য বেশি বরাদ্দ রাখা প্রয়োজন। টেকসই উন্নয়নে দুর্নীতিমুক্ত ব্যবস্থাপনাও জরুরি বলে মনে তিনি বলেন, এখানকার মানুষ কঠোর পরিশ্রম করে কিন্তু তারা সেই শ্রমের ন্যায্য মজুরি পায় না। এটা পরিবর্তন দরকার। তিনি বলেন, হিসাবনা করেই ঢাকা থেকে ঢালাওভাবে বাজেট প্রয়োনয়ন করা হয়। এতে করে অনগ্রসর অঞ্চল অগ্রসর হতে পারছে না। এছাড়া যে বাজেট দেওয়া হয় তাতে দলীয়করণ আত্মীয়করণ হয়ে থাকে। সেন্টার ফর পলিসি (সিপিডি) ও এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম যৌথ উদ্যোগে সামাজিক সুরক্ষার জন্য জাতীয় বাজের প্রস্তাবআলোচনায় তিনি এসব কথা বলেন। গতকাল শনিবার রংপুর আরডিআরএস রোকেয়া মিলনায়তনে অনুষ্ঠিত এ বাজেট আলোচনায় রংপুর বিভাগের ৮ জেলার জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষক, বেসরকারি উন্নয় সংস্থার প্রতিনিধি, রাজনৈতিকনেতৃবৃন্দ, সাংবাদিক এবং সুশিল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন রংপুর সিটি মেয়র সরফুদ্দিন আহমেদ ঝন্টু। সেন্টার ফর পলিসি (সিপিডি) ফেলো অ্যধাপক মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে সামাজিক সুরক্ষার জন্য জাতীয় বাজের প্রস্তাবআলোচনায় বক্তব্য রাখেন রংপুরের ভারপ্রাপ্ত জেলা প্রশাসক সুলতানা পারভীন, আরডিআরএসএর নির্বাহী পরিচালক ড. সেলিমা রহমান, সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন প্রমুখ।